

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
সরকারি কার্যভবন-২(তয় তলা), অত্রাবাদ, চট্টগ্রাম
www.taxeszone3ctg.gov.bd


নথি নং : প্রা-(স)-৫/জাঃ অঃ আঃ/কঅ-৩(চট্ট:)/২০২৪-২০২৫/

তারিখঃ ৩০/০৬/২০২৪ খ্রি.

অফিস আদেশ

অত্র দপ্তরের নথি নং: প্রা-(স)-৪২/বিঃনিঃ/কঅ-৩(চট্ট)/২০২১-২০২২/১৮৫০(১-১৬), তারিখঃ ১২/০৪/২০২২ খ্রি. এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ ওয়াহিদুর রহমান (শিক্ষানবীস) নিরাপত্তা প্রহরী হিসেবে কর অঞ্চল-৩, চট্টগ্রামে বিগত ২৭/০৪/২০২২ খ্রি. তারিখে যোগদান করেন। তিনি উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-৫৩ (কোং), কর অঞ্চল-৩, চট্টগ্রামে কর্মরত থাকাকালীন সময়ে ব্যক্তিগত কারণে চাকরি থেকে স্বেচ্ছায় পদত্যাগ করতে ইচ্ছুক মর্মে উল্লেখ করতঃ বিগত ২৭/০৬/২০২৪ খ্রি. তারিখে চাকরি হতে অব্যাহতি চেয়ে ইস্তফাপত্র দাখিল করেছেন এবং নিয়োগপত্রের ৭নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী ১ মাসের সমপরিমান বেতন চালান নং-১১১, টি আর ফরম নং- ৬ এর মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ, অত্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রামে সরকারী কোষাগারে জমা করেছেন। এমতাবস্থায় তাঁর দাখিলকৃত ইস্তফাপত্র (Resignation Letter) গ্রহণ করতঃ তাঁকে চাকরি হতে অব্যাহতি প্রদান করা হল। উল্লেখ্য যে, তিনি অত্র দপ্তর হতে কোন ধরনের আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

এই আদেশ জনস্বার্থে জারী করা হল এবং ইহা ০১/০৭/২০২৪ খ্রি. তারিখ হতে কার্যকর হবে।




(মোঃ আবদুস সোবহান)
কর কমিশনার (চলতি দায়িত্ব)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
☎: ০২৩৩৩৩২৫৮৯৭

নথি নং : প্রা-(স)-৫/জাঃ অঃ আঃ/কঅ-৩(চট্ট:)/২০২৪-২০২৫/২০৮৮(১-১০)

তারিখঃ ৩০/০৬/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. পরিদর্শী অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম
২. দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, নাসিরাবাদ, চট্টগ্রাম
৪. উপ কর কমিশনার, সার্কেল-৫৩(কোং), কর অঞ্চল-৩, চট্টগ্রাম
৫. সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৬. অত্র অফিসের গোপনী/হিসাব শাখা।
৭. জনাব
৮. সংশ্লিষ্ট নথি।



(সুমন মিয়া)
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
☎: ০২৩৩৩৩২৮৩২৬